# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

প্রাপকঃ

| | | |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য |
| ০২. | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য |
| ০৩. | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য |
| ০৪. | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য |
| ০৫. | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি |
| ০৬. | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৭. | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৮. | কে এম আব্দুস সবুর খান, বস্তি উন্নয়ন কর্মকর্তা | সাচিবিক |

উপর্যুক্ত বিষয়ে সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ১৪/১০/২০২১ ইং তারিখঃ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী" কমিটির সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ-

০১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
০২. হত দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান।
০৩. আর্থিক সাহায্য প্রদান প্রসঙ্গে আলোচনা।
০৪. অবকাঠামো কাজ বাস্তবায়ন প্রসঙ্গে আলোচনা।

অনুলিপি ঃ-সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ
১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২. অফিস নথি।

( মুন্সি আলাউদ্দীন আহম্মেদ )
সভাপতি
"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন" বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

## জেলা-চুয়াডাঙ্গা।

স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ১৪/১০/২০২১ ইং
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভাপতিঃ জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

উক্ত সভা পৌরসভা মিলনায়তনে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, এর সভাপতিত্বে সকাল ১১.০০ ঘটিকায় ১৪/১০/২০২১ ইং তারিখে অনুষ্ঠিত হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো ঃ-

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১। | পূর্ববর্তী সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতির অনুমতি ক্রমে, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জনাব কে এম আব্দুস সবুর খান বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনার পর কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্ব-সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। গত সভার কার্য বিবরণী অনুমোদন করা। | সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ২। | হত দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, বলেন প্রাপ সফল ভাবে বাস্তবায়নের লক্ষ্যে হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করা দরকার। কমিটির অপর সদস্য ২নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাব, মোছাঃ শাহিনা খাতুন বলেন আমাদের পৌরসভা হতে প্রতি মাসেই কিছুসংখ্যক হতদরিদ্র পরিবারের মাঝে আমরা বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করে থাকি। কমিটির অপর সদস্য মোঃ উজ্জল হোসেন বলেন কিছু পরিবার আছে যাদের ঔষধ ক্রয়ের কোন সামর্থ্য নাই সেক্ষেত্রে পৌরসভা হতে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করলে তারা বেশ উপকৃত হবে। তিনি আরও বলেন পৌরসভা যেহেতু সেবা মূলক প্রতিষ্ঠান। সেজন্য আমরা কম বেশি হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করে থাকি। পরিশেষে হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ২। হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ৩। | আর্থিক সাহায্য প্রদান প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন আমরা পৌরসভার রাজস্ব ফান্ড হতে কিছু সংখ্যক গরীব ও দুস্থ ব্যক্তিদের মধ্যে আর্থিক সাহায্য ও অনুদান প্রদান করার প্রস্তাব করেন। কমিটির অপর সদস্য জনাব, মোঃ উজ্জল হোসেন বলেন কিছু সংখ্যক পরিবার আছে যাদের উপার্জন করার মত শক্তি সামর্থ্য নাই। তিনি বলেন পৌরসভা যেহেতু সেবা মূলক প্রতিষ্ঠান সেক্ষেত্রে দুস্থ ও অসহায় পরিবারের মাঝে আর্থিক সাহায্য প্রদান করলে তারা অনেকটা উপকৃত হবে। কমিটির অপর সদস্য জনাব, মোছাঃ শেফালী খাতুন বলেন, গরীব ও দুস্থ ব্যক্তিদের আর্থিক সাহায্য প্রদনের মাধ্যমে তাদেরকে ব্যবসা বানিজ্যের মাধ্যমে আর্থিক ভাবে স্বচ্ছল করা সম্ভব। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাবা মোছাঃ রুবি খাতুন বলেন আর্থিক সাহায্য প্রদান করলে সমাজে তারাও প্রতিষ্ঠিত হতে পারবে। এবিষয়ে তিনি একমত পোষণ করেন। পরিশেষে গরীব ও দুস্থ ব্যক্তিদের মধ্যে আর্থিক সাহায্য প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩। গরীব ও দুস্থ ব্যক্তিদের মাঝে আর্থিক সাহায্য প্রদান করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ০৪। | অবকাঠামো কাজ বাস্তবায়ন প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ ০৪টি বস্তির অবকাঠামো কাজ বাস্তবায়ন প্রসঙ্গে জানতে চান। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন, ইতোমধ্যে আমরা ০৪টি বস্তির কাজ সঠিক ভাবে সম্পন্ন করতে পেরেছি। আমাদের কাজে বস্তিবাসী অত্যন্ত খুশি। কমিটির অপর সদস্য পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস বলেন কাজের গুনগতমাণ বজায় রেখে বস্তির সকল কাজ বাস্তবায়ন করা হয়েছে। কমিটির অপর সদস্য সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মোছাঃ শাহিনা খাতুন ও মোছাঃ শেফালী খাতুন বলেন, বস্তি এলাকায় অবকাঠামো কাজ বাস্তবায়নের গুনগত মান অনেক ভালো। পরিশেষে কাজ বাস্তবায়নকারীদের ধন্যবাদ জানান। এবং পরিশেষে অবকাঠামো কাজগুলি সঠিকভাবে সংরক্ষনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ৪। অবকাঠামো কাজগুলি সঠিক ভাবে সংরক্ষনের সিদ্ধান্ত গৃহিত হয়। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও এসআইসি কমিটি। |

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্থানঃ পৌরসভা মিলনায়তন। তারিখঃ ১৪/১০/২০২১ইং।

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও স্বাক্ষর নিম্নরুপঃ

| ক্র নং | নাম | পরিচিত | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ | সভাপতি | |
| ২ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য | |
| ৩ | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য | |
| ৪ | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য | |
| ৫ | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য | |
| ৬ | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি | |
| ৭ | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | |
| ৮ | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | |
| ৯ | কে এম আব্দুস সবুর খান, বস্তি উন্নয়ন কর্মকর্তা | বস্তি উন্নয়ন কর্মকর্তা ও সদস্য সচিব | |

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১
Web Site: www.chuadangapourashava.org, E-mail:mayor16cp@gmail.com

## ১৪/১০/২০২১ইং তারিখে অনুষ্ঠিতব্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার আলোক চিত্র।






# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

প্রাপকঃ

| | | |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য |
| ০২. | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য |
| ০৩. | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য |
| ০৪. | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য |
| ০৫. | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি |
| ০৬. | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৭. | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৮. | কে এম আব্দুস সবুর খান, বস্তি উন্নয়ন কর্মকর্তা | সাচিবিক |

উপর্যুক্ত বিষয়ে সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ২২/১১/২০২১ ইং তারিখঃ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী" কমিটির সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ-

০১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
০২. বিনা মূল্যে হত দরিদ্রদের মাঝে ঢেউটিন বিতরণ করা প্রসঙ্গে আলোচনা।
০৩. হত দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে রিং-স্লাব বিতরণ করা প্রসঙ্গে আলোচনা।
০৪. ০৪টি বস্তির শতভাগ কাজ বাস্তবায়ন হওয়া প্রসঙ্গে আরোচনা।

অনুলিপি ঃ-সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ
১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২. অফিস নথি।

( মুন্সি আলাউদ্দীন আহম্মেদ )
সভাপতি
"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন" বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

## জেলা-চুয়াডাঙ্গা।

স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ২২/১১/২০২১ ইং
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভাপতিঃ জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

উক্ত সভা পৌরসভা মিলনায়তনে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, এর সভাপতিত্বে সকাল ১১.০০ ঘটিকায় ২২/১১/২০২১ ইং তারিখে অনুষ্ঠিত হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো ঃ-

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১। | পূর্ববর্তী সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতির অনুমতি ক্রমে, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জনাব কে এম আব্দুস সবুর খান বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনার পর কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্ব-সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। গত সভার কার্য বিবরণী অনুমোদন করা। | সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ২। | বিনা মূল্যে হত দরিদ্রদের মাঝে ঢেউটিন বিতরণ করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ বলেন প্রাপ সফল ভাবে বাস্তবায়নের লক্ষ্যে পৌরসভা হতে আমরা হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে কিছু সংখ্যক পরিবারের মাঝে ঢেউটিন বিতরণ করব। কমিটির অপর সদস্য জনাব, মোঃ উজ্জল হোসেন বলেন প্রত্যেক ওয়ার্ডেই কিছু সংখ্যাক পরিবার আছে যাদেও ঘর করার মত কোন সামর্থ্য নাই। সে সকল পরিবারের মাঝে বিনা মূল্যে ঢেউটিন বিতরণ করা দরকার। ০৩নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা মোছাঃ শেফালী খাতুন বলেন হত দরিদ্রদের মাঝে যাদের ঘর করার মত সামর্থ্য নেই তাদের মাঝে ঢেউটিন বিতরণ করলে বেশ উপকৃত হবে। দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাব মোছাঃ রুবি খাতুন বলেন পৌরসভা একটি সেবা মূলক প্রতিষ্ঠান হিসাবে হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে ঢেউটিন বিতরণ করা দরকার। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব, কে এম আব্দুস সবুর খান বলেন প্রত্যেক ওয়ার্ডের কিছু সংখ্যক পরিবারের মাঝে ঢেউটিন বিতরণ করার জন্য বাজেটে বরাদ্ধ রাখা আছে সেক্ষেত্রে মেয়র মেয়র মহোদয়ের নির্দ্দেশনা পেলেই সে মোতাবেক আমরা হত দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে ঢেউটিন বিতরণ করব। বিস্তারিত আলোচনা শেষে হত দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে ঢেউটিন বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ২। হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে ঢেউটিন বিতরণ করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ৩। | হতদরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, বলেন প্রত্যেক ওয়ার্ডের কিছু সংখ্যক হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করা দরকার। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব, কে এম আব্দুস সবুর খান বলেন প্রত্যেক ওয়ার্ড থেকেই বেশ কিছু সংখ্যক রিং-স্লাবের আবেদন ইতিমধ্যে পৌরসভায় জমা পড়েছে। তাদের মধ্যে থেকে যাচাই বাছাই করে কিছু সংখ্যক পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করলে তারা বেশ উপকৃত হবে। কমিটির অপর সদস্য ০১নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা মোছাঃ শাহিনা খাতুন বলেন প্রত্যেক ওয়ার্ডেই কিছুসংখ্যক পরিবার আছে যাদের টয়লেট নির্মাণ করার সামর্থ্য নাই তাদের মাঝে রিং-স্লাব বিতরণ করা উচিত। কমিটির অপর সদস্য পৌরসভার মেয়র জনাব, জাহাঙ্গীর আলম মালিক বলেন দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির সিদ্ধান্ত অনুযায়ী খুব দ্রুতই হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করা হবে। কমিটির অপর সদস্য পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস বলেন প্রতি বছরের ন্যায় ২০২০-২০২১ইং অর্থ বছরেও রিং-স্লাব বিতরণের জন্য বাজেটে বরাদ্ধ রাখা আছে। ০৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ উজ্জল হোসেন বলেন প্রতি বছরের ন্যায় ২০২০-২০২১ইং অর্থ বছরেও কিছু সংখ্যক হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করা হবে। আলোচনা শেষে হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩। হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে রিং-স্লাব বিতরণ করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪। | ০৪টি বস্তির শতভাগ কাজ বাস্তবায়ন হওয়া প্রসঙ্গে আলোচনা। | সভায় উপস্থিত দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, ০৪টি বস্তিতে শতভাগ অবকাঠামো কাজ বাস্তবায়ন করা হয়েছে কিনা সে প্রসঙ্গে জানতে চান। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব, কে এম আব্দুস সবুর খান বলেন ০৪টি বস্তির মধ্যে আমরা তালতলা স্কুল পাড়া বস্তি ও মুসলিম পাড়া বস্তিতে ডাস্টবিনের জায়গার সমস্যা থাকায় আমরা তা বাস্তবায়ন করতে পারিনি বিধায় তার বিল ভাউচারও সমন্বয় করিনি। তাছাড়া ০৪টি বস্তিতেই অন্যান্য অবকাঠামো কাজ শতভাগ বাস্তবায়ন করা হয়েছে। কমিটির অপর সদস্য সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মোছাঃ শেফালী খাতুন বলেন বস্তিতে যেসকল অবকাঠামো কাজ বাস্তবায়ন করা হয়েছে তার গুনগতমাণ অনেক ভালো হওয়ায় এলাকাবাসী ইউজিআইআইপি-৩ প্রকল্পকে ধন্যবাদ জানান। কমিটির অপর সদস্য পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব, মোঃ আয়ুব আলী বিশ্বাস বলেন বস্তিতে যে সকল অবকাঠামো কাজ বাস্তবায়ন করা হয়েছে ইউজিআইআইপি-৩ প্রকল্পের গাইডলাইন অনুস্বরণ পূর্বক তা বাস্তবায়ন করা হয়েছে। কমিটির অপর সদস্য মোঃ উজ্জ্বল হোসেন বলেন, এধরনের অবকাঠামো কাজ প্রত্যেক ওয়ার্ডেই বাস্তবায়ন করা হলে এলাকার মান আরও উন্নত হত। কমিটির অপর সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি মোছাঃ রুবি খাতুন বলেন, ০৪টি বস্তিতে যে সকল অবকাঠামো কাজ বাস্তবায়ন করা হয়েছে তার গুনগতমাণ অনেক ভালো। তিনি সভায় বলেন পরবর্তিতে যাতে করে দরিদ্র এলাকায় বস্তি নির্বাচন পূর্বক ফুটপাত, টয়লেট, টিউবওয়েল, ডাস্টবিন, ড্রেন ও সোলার লাইট এর মত অবকাঠামো কাজ আরও ব্যাপক আকারে বাস্তবায়ন করা হয়। পরিশেষে কমিটির সভাপতি মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, ০৪টি বস্তিতে সকল প্রকার অবকাঠামো কাজ বাস্তবায়ন হওয়ায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানান। পরিশেষে সকল বস্তি এলাকায় এধরনের অবকাঠামো কাজ বাস্তবায়ন সিদ্ধান্ত গৃহিত হয়। | ০৪। সকল বস্তি এলাকায় এধরনের অবকাঠামো কাজ বাস্তবায়ন করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও এসআইসি কমিটি। |

আর বিশেষ কোন আলোচনা না থাকায় কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।
তারিখঃ- ২২/১১/২০২১ ইং

স্মারক নং ঃ-

অনুলিপি ঃ- সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২.সকল সদস্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্থানঃ পৌরসভা মিলনায়তন।

তারিখঃ ২২/১১/২০২১ইং।

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও স্বাক্ষর নিম্নরূপঃ

| ক্র নং | নাম | পরিচিত | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ | সভাপতি | |
| ২ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য | |
| ৩ | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য | |
| ৪ | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য | |
| ৫ | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য | |
| ৬ | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি | 22/11/21 |
| ৭ | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | রুবি |
| ৮ | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | |
| ৯ | কে এম আব্দুস সবুর খান, বস্তি উন্নয়ন কর্মকর্তা | বস্তি উন্নয়ন কর্মকর্তা ও সদস্য সচিব | |

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail:mayor16cp@gmail.com


## ২২/১১/২০২১ইং তারিখে অনুষ্টিতব্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার আলোক চিত্র।






# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

প্রাপকঃ

| | | |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য |
| ০২. | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য |
| ০৩. | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য |
| ০৪. | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য |
| ০৫. | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি |
| ০৬. | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৭. | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি |
| ০৮. | কে এম আব্দুস সবুর খান, বস্তি উন্নয়ন কর্মকর্তা | সাচিবিক |

উপর্যুক্ত বিষয়ে সকলকে জানানো যাচ্ছে যে, আগামী ২০/১২/২০২১ ইং তারিখঃ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে "দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী" কমিটির সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ-

০১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
০২. অনুমোদিত ০৪টি বস্তির চুড়ান্ত বিল ভাউচার সমন্বয় পূর্বক পিএমও অফিসে প্রেরণ করা প্রসঙ্গে আলোচনা।
০৩. বস্তির অবকাঠামো কাজ বাস্তবায়ন প্রসঙ্গে আলোচনা।
০৪. দুস্থ ও গরীব ছাত্রদের মধ্যে শিক্ষা উপকরণ প্রদান প্রসঙ্গে আলোচনা।

অনুলিপি ঃ-সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ
১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২. অফিস নথি।

( মুন্সি আলাউদ্দীন আহম্মেদ )
সভাপতি
"দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন" বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

## জেলা-চুয়াডাঙ্গা।

স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ২০/১২/২০২১ ইং
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
সভাপতিঃ জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

উক্ত সভা পৌরসভা মিলনায়তনে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, এর সভাপতিত্বে সকাল ১১.০০ ঘটিকায় ২০/১২/২০২১ ইং তারিখে অনুষ্ঠিত হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো ঃ-

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১। | পূর্ববতী সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন। | সভাপতির অনুমতি ক্রমে, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জনাব কে এম আব্দুস সবুর খান বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনার পর কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্ব-সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। গত সভার কার্য বিবরণী অনুমোদন করা। | সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |
| ০২। | অনুমোদিত ০৪টি বস্তির চূড়ান্ত বিল ভাউচার সমন্বয় পূর্বক পিএমও অফিসে প্রেরণ করা প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ ০৪টি বস্তির চূড়ান্ত বিল ভাউচার সমন্বয় করা হয়েছে কিনা সে প্রসঙ্গে জানতে চান। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব, কে এম আব্দুস সবুর খান বলেন, প্রথম কিস্তি, দ্বিতীয় কিস্তি, তৃতীয় কিস্তি ও চতুর্থ কিস্তির টাকার বিল ভাউচার সমন্বয় পূর্বক পিএমও অফিসে প্রেরণ করা হয়েছে। কমিটির অপর সদস্য মোছাঃ শাহিনা খাতুন বলেন বস্তিতে অবকাঠামো কাজ বাস্তবায়ন হওয়ায় এলাকাবাসী অত্যন্ত খুশি। সেজন্য এলাকাবাসী তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প ইউজিআইআইপি-৩ কে ধন্যবাদ জানান। কমিটির অপর সদস্য মোছাঃ শেফালী খাতুন বলেন বস্তি উন্নয়নের পাশাপাশি উক্ত প্রকল্পের আওতায় চুয়াডাঙ্গা পৌর এলাকায় ব্যাপক উন্নয়ন সাধিত হয়েছে। কমিটির অপর সদস্য নির্বাহী প্রকৌশলী জনাব আয়ুব আলী বিশ্বাস বলেন ০৪টি বস্তির চূড়ান্ত বিল ভাউচার সমন্বয় করে ইতিমধ্যে পিএমও অফিসে প্রেরণ করা হয়েছে। সেক্ষেত্রে উক্ত বিল ভাউচার যাচাই বাছাই পূর্বক প্রকল্প অফিস চতুর্থ কিস্তির অর্থ বরাদ্ধ প্রদান করবে। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন, ভিমরুল্লা স্কুল পাড়া বস্তির অনুমোদিত টাকা ৭৯,৯৬,৬২৫.৯৪/- (উনআশি লক্ষ ছিয়ানব্বই হাজার ছয়শত পঁচিশ দশমিক নয় চার) টাকা হতে প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ কিস্তির সর্বমোট ৭৩,৪১,২৮৩.৪৩/-( তিয়াত্তর লক্ষ একচল্লিশ হাজার দুইশত তিরাশি দশমিক চার তিন) টাকার বিল। পশুহাট পাড়া বস্তির অনুমোদিত টাকা ৫১,৯৩,৪৪০.৯৪/- (একান্ন লক্ষ তিরানব্বই হাজার চারশত চল্লিশ দশমিক নয় চার) টাকা হতে প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ কিস্তির সর্বমোট ৪৭,৮৩,৪১২.২২/-(সাতচল্লিশ লক্ষ তিরাশি হাজার চারশত বার দশমিক দুই দুই) টাকার বিল। তালতলা স্কুল পাড়া বস্তির অনুমোদিত টাকা ৭৮,৩১,৪৩৫.৮৬/- (আটাত্তর লক্ষ একত্রিশ হাজার চারশত পঁয়ত্রিশ দশমিক আট ছয়) টাকা হতে প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ কিস্তির সর্বমোট ৭১,৭৮,১৪০.৬৭/- (একাত্তর লক্ষ আটাত্তর হাজার একশত চল্লিশ দশমিক ছয় সাত) টাকার বিল ও মুসলিম পাড়া বস্তির অনুমোদিত টাকা ৮০,৪৬,৮৫৮.২০/-(আশি লক্ষ ছেচল্লিশ হাজার আটশত আটান্ন দশমিক দুই শুন্য) টাকা হতে প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ কিস্তির সর্বমোট ৭৬,৫৬,১৯২.৫৪/-(ছিয়াত্তর লক্ষ ছাপান্ন হাজার একশত বিরানব্বই দশমিক পাঁচ চার) টাকার বিল ভাউচার সমন্বয় পূর্বক পিএমও অফিসে প্রেরণ করা হয়েছে। এমতাবস্থায় উক্ত টাকার বিল ভাউচার প্রকল্প ব্যবস্থাপনা অফিস যাচাই বাছাই পূর্বক চতুর্থ কিস্তির অর্থ বরাদ্ধ প্রদান করলে সোলার লাইট সহ অন্যান্য বাঁকি সম্পূর্ণ পরিশোধ করা হবে। পরিশেষে চতুর্থ কিস্তির অর্থ বরাদ্ধ পাওয়ার পর সম্পূর্ণ বাঁকি পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ২। চতুর্থ কিস্তির অর্থ বরাদ্ধ পাওয়ার পর সম্পূর্ণ বাঁকি পরিশোধ করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও এসআইসি কমিটি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩। | বস্তির অবকাঠামো কাজ বাস্তবায়ন প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ ০৪টি বস্তির অবকাঠামো কাজ বাস্তবায়ন প্রসঙ্গে জানতে চান। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন, ইতোমধ্যে আমরা ০৪টি বস্তির শতভাগ অবকাঠামো কাজ বাস্তবায়ন করেছি। আমাদের কাজের মান ভাল হওয়ায় বস্তিবাসী পৌরসভা ও ইউজিআইআইপি-৩ প্রকল্পকে ধন্যবাদ জানান। কমিটির অপর সদস্য পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব, মোঃ আয়ুব আলী বিশ্বাস বলেন কাজের গুনগতমাণ বজায় রেখে এবং প্রকল্পের গাইডলাইন অনুযায়ী বস্তির সকল কাজ বাস্তবায়ন করা হয়েছে। কমিটির অপর সদস্য সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মোছাঃ শাহিনা খাতুন বলেন বস্তি এলাকায় যে সকল অবকাঠামো কাজ বাস্তবায়ন করা হয়েছে তার গুনগত মান অনেক ভালো। কমিটির অপর সদস্য মোছাঃ শেফালী খাতুন বলেন বস্তিতে যেসকল অবকাঠামো কাজ বাস্তবায়ন করা হয়েছে সেগুলোর সঠিকভাবে রক্ষণাবেক্ষনের জন্য তাদেরকে প্রশিক্ষণের ব্যবস্থা করার প্রস্তাব করেন। পরিশেষে বস্তিতে বাস্তবায়িত অবকাঠামোর সঠিক ভাবে রক্ষণাবেক্ষনের জন্য তাদেরকে প্রশিক্ষণের ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ৩। বস্তিতে বাস্তবায়িত অবকাঠামোর সঠিক ভাবে রক্ষণাবেক্ষনের জন্য তাদেরকে প্রশিক্ষণের ব্যবস্থা করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও এসআইসি কমিটি। |
| ০৪। | দুস্থ ও গরীব ছাত্রদের মধ্যে শিক্ষা উপকরণ প্রদান প্রসঙ্গে আলোচনা। | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি আলাউদ্দীন আহম্মেদ, বলেন PRAP সফল ভাবে বাস্তবায়নের লক্ষ্যে দুস্থ ও গরীব ছাত্রদের মধ্যে শিক্ষা উপকরণ দেওয়ার প্রস্তাব করেন। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী বস্তি উন্নয়ন কর্মকর্তা বলেন হতদরিদ্র ছাত্রদের মাঝে শিক্ষা উপকরণ প্রদানের জন্য ২০২১-২০২২ইং অর্থ বছরে বাজেট বরাদ্ধ রাখা আছে। সেক্ষেত্রে প্রদান করা যেতে পারে। কমিটির অপর সদস্য ০১নং সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাবা মোছাঃ শাহিনা খাতুন বলেন পৌর এলাকার প্রত্যেকটি ওয়ার্ডের দুস্থ অসহায় ও গরীব ছাত্রদের মধ্যে শিক্ষা উপকরণ বিতরণ করলে শিক্ষার মান দিন দিন আরও বৃদ্ধি পাবে। সভায় উপস্থিত দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাব মোঃ জিনারুল ইসলাম বলেন পৌর এলাকায় কিছু কিছু পরিবার আছে যাদের ছেলে মেয়েদের লেখা পড়ার জন্য শিক্ষা উপকরণ ক্রয় করা অনেক কঠিন। তাদের পড়ালেখার জন্য শিক্ষা উপকরণ ক্রয় করে দেওয়া উচিত। বিস্তারিত আলোচনা শেষে হতদরিদ্র শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৪। দুস্থ ও গরীব শিক্ষার্থীদের মধ্যে শিক্ষা উপকরণ বিতরণ করা। | সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। |

আর বিশেষ কোন আলোচনা না থাকায় কমিটির সভাপতি জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

স্বারক নং ঃ-
তারিখঃ- ২০/১২/২০২১ ইং

অনুলিপি ঃ- সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১.প্রকল্প পরিচালক, (UGIIP-III) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।
২.সকল সদস্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা।

(মুন্সি আলাউদ্দীন আহম্মেদ)
সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্থানঃ পৌরসভা মিলনায়তন। তারিখঃ ২০/১২/২০২১ইং।

দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও স্বাক্ষর নিম্নরুপঃ

| ক্র নং | নাম | পরিচিত | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মুন্সি আলাউদ্দীন আহম্মেদ | সভাপতি | |
| ২ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম মালিক | সদস্য | |
| ৩ | জনাব মোঃ উজ্জ্বল হোসেন | সদস্য | |
| ৪ | জনাবা মোছাঃ শেফালি খাতুন | সদস্য | |
| ৫ | জনাবা মোছাঃ শাহিনা আক্তার | সদস্য | শাহিনা |
| ৬ | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী | প্রকৌশল শাখার প্রতিনিধি | |
| ৭ | জনাবা মোছাঃ রুবি খাতুন, জিনতলা | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | রুবি |
| ৮ | জনাব মোঃ জিনারুল ইসলাম, ইসলাম পাড়া | দরিদ্র শ্রেণীর প্রতিনিধি | |
| ৯ | কে এম আব্দুস সবুর খান, বস্তি উন্নয়ন কর্মকর্তা | বস্তি উন্নয়ন কর্মকর্তা ও সদস্য সচিব | |

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০৭৬১-৬২২৮১
Web Site: www.chuadangapourashava.org, E-mail:mayor16cp@gmail.com

## ২০/১২/২০২১ইং তারিখে অনুষ্ঠিতব্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভার আলোক চিত্র।







সময়মত পৌরকর এবং পানির বিল পরিশোধ করুন। আপনার শিশুকে টিকা দিন। আপনার শহর পরিস্কার রাখুন